“শতবর্ষে জাতির পিতা,
সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো
মর্যাদা ও নৈতিকতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
আইসিটি শাখা

Integrated Service Delivery Platform for Ministry of Expatriates’ Welfare and Overseas Employment (MoEWOE) এর জন্য স্পেসিফিকেশন ও সম্ভাব্য প্রাক্কলন প্রস্তুত সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মো : মোশাররফ হোসেন যুগ্ম সচিব
সভার তারিখ	০৭ জুন ২০২২
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	মন্ত্রণালয়ের সভা কক্ষ (৬ষ্ঠ তলা)
উপস্থিতি	পরিশিষ্ট - ‘ক’ দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি Integrated Digital Service Delivery Platform তৈরীর প্রয়োজনীয়তা তুলে ধরে বলেন যে এটি বাস্তবায়নের জন্য সচিব মহোদয়ের নির্দেশনা রয়েছে। এছাড়া এর মাধ্যমে মন্ত্রণালয় ও দপ্তর সংস্থার কার্যক্রমকে অধিকতর ডিজিটালাইজ করা সম্ভব বলে অভিমত ব্যক্ত করেন। এসময় মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট জনাব মোঃ আবু রায়হান এ সংক্রান্ত বাজেট বরাদ্দ বিষয়ে আলোকপাত করেন এবং যে সমস্ত সিস্টেম ইতোমধ্যে তৈরি হয়ে গেছে তা তুলে ধরেন। তিনি আরো বলেন, তৈরকৃত সিস্টেমসমূহ মনিটর করার লক্ষ্যে একটি ইন্টিগ্রেটেড প্লাটফর্ম তৈরি করা যেতে পারে। আলোচনায় অংশ নিয়ে a2i এর প্রতিনিধি জনাব অনিমেষ চন্দ্র বাইন বলেন যে, বিদ্যমান সিস্টেম (Existing System) গুলোতে যে সমস্ত ফিচার আছে তা জেনে সে অনুযায়ী কাজের scope ঠিক করতে হবে। এছাড়া প্রকল্পের নাম সংশোধন করে Integrated Service Delivery Platform এর পরিবর্তে Centralized Monitoring Dashboard System করা যেতে পারে। বিএমইটি’র উপ-পরিচালক, জনাব মোঃ রেজওয়ানুল হক চৌধুরী উল্লেখ করেন, খসড়া ToR এ বিএমইটি সংশ্লিষ্ট বেশ কিছু কম্পনেন্ট ইতোমধ্যে Developed করা হয়ে গেছে বিধায় ঐ সমস্ত কম্পনেন্ট ToR থেকে বাদ দেয়া যেতে পারে। মন্ত্রণালয়ের প্রোগ্রামার জনাব আশফাক আহমেদ বলেন যে, দপ্তর সংস্থার বিদ্যমান সিস্টেম গুলোতে কি কি ফিচার আছে তা লিপিবদ্ধ করা এবং যে অনুযায়ী সিস্টেম ইন্টিগ্রেশন করা যেতে পারে। এ পর্যায়ে বিদ্যমান সিস্টেমসমূহের তালিকা নিম্নরূপভাবে উপস্থাপন করা হয়ঃ

চলমান সফটওয়্যারসমূহ	যে সমস্ত ফিচার ড্যাশবোর্ডে আসবে	দপ্তর	ইন্টিগ্রেশন
• Online Performance Management System for Labor Attache’ (PMS Software)	All Types of Reporting (eg. Welfare Activity, Visit etc.)	মন্ত্রণালয়	Centralized System
• বিদেশ গমনেচ্ছু কর্মীদের অনলাইন রেজিস্ট্রেশন (বিএমইটি ও Ami Probashi App)	Statistical data of registered aspirant migrants	বিএমইটি	Centralized System
• ফিঙ্গারপ্রিন্ট ম্যানেজমেন্ট	Finger print data	বিএমইটি	Centralized System

• ইমিগ্রেশন ম্যানেজমেন্ট	Clearance data	বিএমইটি	Centralized System
• ট্রেনিং সেন্টার এবং ট্রেনিং ম্যানেজমেন্ট	TTC and PDO information	বিএমইটি	Centralized System
• রিক্রুটিং এজেন্সী ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (RAIMS)	System dashboard data	বিএমইটি	Centralized System
• রিটার্নি মাইগ্রেন্ট ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (ReMiMIS)	System dashboard data	বিএমইটি	Centralized System
• ডিপার্চার ম্যানেজমেন্ট (এয়ারপোর্ট)	Airport software data	বিএমইটি	Centralized System
• ERP Solution for Wage Earners' Welfare Board	বিমানবন্দর হতে লাশ পরিবহন ও দাফন বাবদ চেক প্রদান; আহত, পঙ্গু ও অসুস্থ কর্মীদের ফেরত আনা ও আর্থিক সাহায্য; মৃত কর্মীর পরিবারকে আর্থিক সাহায্য প্রদান; প্রবাসে মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায় এবং ওয়ারিশদের বিতরণ; HRM; Accounts; Admin;	WEWB	Centralized System
• On-line Scholarship Software	Number of students in different category and amount to disburse	WEWB	Centralized System
• মেম্বারশীপ (Diaspora)	Number of registered diaspora	WEWB	Centralized System
• ইপিএস-টপিক সিবিটি'র অনলাইন নিবন্ধন	দক্ষিণ কোরিয়ায় কর্মী প্রেরণের লক্ষ্যে স্পেশাল ইপিএস-টপিক সিবিটি'র অনলাইন নিবন্ধন ডাটা	বোয়েসেল	Centralized System

বর্ণিত সিস্টেমগুলো মনিটর করা এবং ডাটা এনালাইটিক্স সংগ্রহের নিমিত্ত একটি ইন্টিগ্রেটেড ড্যাশবোর্ড সিস্টেম তৈরি করা যেতে পারে। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সুপারিশসমূহ করা হয়ঃ

সুপারিশসমূহঃ

১। ইতোমধ্যে ডিজিটাইজকৃত সিস্টেম গুলো নিয়ে মনিটরিং ড্যাশবোর্ড সিস্টেম করার নিমিত্ত নিম্নরূপ শিরোনামে কার্যক্রম নেয়ার সুপারিশ করা হয়ঃ

Centralized Monitoring Dashboard System for Ministry of Expatriates' Welfare and Overseas Employment (MoEWOE)

২। ToR চূড়ান্ত করার নিমিত্ত মন্ত্রণালয় ও দপ্তর সংস্থার আইটি টিম মন্ত্রণালয় ও দপ্তর সংস্থার বিদ্যমান সিস্টেম গুলো Analysis করে আগামী ১০ কার্য দিবসের মধ্যে খসড়া ToR প্রস্তুত করার সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো : মোশাররফ হোসেন
যুগ্ম সচিব

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০১৭.১৮.০০১.২০.৭৬

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৯
১৪ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২) সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৩) সিনিয়র মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, ডিজিটাল সিকিউরিটি ও অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৪) উপ পরিচালক, প্রশাসন ও অর্থ, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৫) ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এক্সপার্ট, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
৬) প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭) প্রোগ্রামার, আই.টি শাখা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
৮) সহকারি প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৯) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মোঃ আবু রায়হান
সিস্টেম এনালিস্ট